



স্মারক: ৪৩.২০.০০০০.২০৬.৩৮.০০১.২০.২২৮

৮ অক্টোবর ২০২০

## বিষয়: অনলাইনে ‘Art Against Corona’ শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২০ আয়োজন।

করোনা ভাইরাসজনিত সংকটে বাংলাদেশসহ সারাবিশ্ব আজ বিপর্যস্ত। এই ভাইরাস মোকাবেলায় সারা বিশ্ব প্রাণপণ যুদ্ধ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে করোনা মোকাবেলায় যে আন্দোলনটি পরিচালিত হচ্ছে সে আন্দোলনকে বেগবান করা এবং সেই আন্দোলনের ধারাবাহিকতায় সারা দেশের মানুষের মনোবল সুদৃঢ় রাখার জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি অনলাইনে সারাদেশব্যাপী সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা করে যাচ্ছে। Art Against Corona শীর্ষক এই কর্মসূচিতে ইতোমধ্যে দেশব্যাপী চারুকলা, সংগীত, যন্ত্রসংগীত, নাটক ও চলচ্চিত্র, অভিনয়, আবৃত্তি এবং নৃত্য শিল্পীরা যুক্ত হয়েছেন। ইতোমধ্যে সারাদেশের প্রায় দশ হাজার শিল্পী ইতোমধ্যে এই সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলনে অংশগ্রহণ করেছে। ৩২৫জন চারুশিল্পী ‘Art Against Corona’ শিরোনামে ৩২৫টি চিত্রকর্ম নির্মাণ করেছেন। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি অনলাইনে আয়োজন করেছে শিশু-কিশোরদের অংশগ্রহণে দেশব্যাপী ‘Art Against Corona’ শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২০।

অংশগ্রহণের নিয়মাবলী :

১. প্রতিযোগিতার বিষয়: করোনার বিরুদ্ধে শিল্প (Art Against Corona)
২. Art Against Corona শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২০ তিনটি বিভাগে অনুষ্ঠিত হবে
৩. \* প্রথম শ্রেণী - পঞ্চম পর্যন্ত শ্রেণী ‘ক’ বিভাগ  
\* ষষ্ঠ শ্রেণী- দশম শ্রেণী পর্যন্ত শ্রেণী ‘খ’ বিভাগ  
\* একাদশ - দ্বাদশ শ্রেণী পর্যন্ত শ্রেণী ‘গ’ বিভাগ

‘Art Against Corona’ শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতার চিত্রকর্ম ‘১৬/১১ ইঞ্চি’ মাপের কাগজে যে কোন মাধ্যমে অংকন করা যাবে।

অংকিত চিত্রকর্মের সফটকপি (ইমেজ) আগামী ৩০ অক্টোবর ২০২০ (বর্ধিত) তারিখের মধ্যে এবং মূল চিত্রকর্ম ১৫ নভেম্বরের (বর্ধিত) মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে এবং ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি।

ইমেইল: [nationalartgallery.bsa@gmail.com](mailto:nationalartgallery.bsa@gmail.com)

প্রয়োজনে যোগাযোগ : মোবাইল: ০১৭১১-১৭৪৯১৮

আগামীর পৃথিবী হোক শিশুদের।

জেলা কালচারাল অফিসার  
জেলা শিল্পকলা একাডেমি

.....

লিয়াকত আলী লাকী  
মহাপরিচালক  
বাংলাদেশ শিল্পকলা একাডেমি